

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)

নং-৪৫.১৫৮.১১৬.০০.০০.০৩৩.২০১০-

তারিখ: ১৮/০৮/১৪১৯ বাং
০২/১২/২০১২ খ্রিঃ

অফিস আদেশ


দেশের বেসরকারী হাসপাতাল ও ক্লিনিকসমূহে চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে নন-নার্সদেরকে নার্স পরিচয়ে সেবা প্রদানের/নার্সিং পেশায় অদক ও অনুপযুক্ত নার্স পদায়নের মাধ্যমে সেবা প্রদানের বে-আইনী কার্যক্রম বন্ধ ও জন সচেতনতা সৃষ্টির জন্য বিশেষ অভিযান পরিচালনার নিমিত্ত নিম্নরূপ একটি যৌথ পরিদর্শন কমিটি গঠন করা হলো।

ক. কমিটির গঠন:

- | | | |
|-----|---|-------------|
| (১) | পরিচালক(হাসপাতাল ও ক্লিনিকসমূহ),
স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা। | -আইকায়ক |
| (২) | উপ-সচিব(নার্সিং),
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। | -সদস্য |
| (৩) | পরিচালক, সেবা পরিদপ্তর অথবা উপযুক্ত একজন প্রতিনিধি
(উপ-পরিচালক পদমর্যাদার নীচে নয়)। | -সদস্য |
| (৪) | রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল | -সদস্য-সচিব |


খ. কমিটির কার্য পরিধি:

- (১) এ কমিটি দেশের বিভিন্ন বেসরকারী হাসপাতাল, ক্লিনিক ও স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহ যে কোন সময় পরিদর্শন করতে পারবে;
 - (২) পরিদর্শনকালে এ সকল প্রতিষ্ঠান স্থাপন সংক্রান্ত বিদ্যমান নিয়ম/নীতিমালা ও দেশে প্রচলিত আইন ও বিধি বিধানের শর্তসমূহ যথাযথ ভাবে প্রতিপালিত হচ্ছে কিনা তা যাচাইসহ রেজিস্ট্রার নার্স, চিকিৎসক, টেকনিশিয়ান ও প্যারামেডিক্স নিয়োগ/পদায়নের ক্ষেত্রে বিদ্যমান নীতিমালা/নির্দেশনা অনুসরণ করা হচ্ছে কিনা এ বিষয়ে মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদপ্তরে মতামতসহ প্রতিবেদন দাখিল করবে। এছাড়া কমিটি পরিদর্শনকৃত বেসরকারী হাসপাতাল, ক্লিনিক বা স্বাস্থ্য প্রতিষ্ঠানে সেবার মান উন্নয়নের নিমিত্ত সুপারিশও দাখিল করবে; এবং
 - (৩) কমিটি আগামী ০৩ মাসের মধ্যে ঢাকা শহর এবং দেশের বিভিন্ন অঞ্চলের কমপক্ষে ১০টি বেসরকারী হাসপাতাল ও ক্লিনিক সরেজমিনে পরিদর্শন করবে।
- ০২। পরিদর্শন/তদন্ত কার্যক্রমে প্রাপ্ত অনিয়মের বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তর আইনানুগ কার্যক্রম গ্রহণ করবে।
- ০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ কমিটি গঠন করা হলে উৎস ইহা অবিলম্বে কার্যকর হবে।


(গাজীউদ্দিন মোহাম্মদ মুনীর)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯১৭২৭৭৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক(হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপ-সচিব(নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, সেবা পরিদপ্তর, ১৪-১৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা।
- ৫। রেজিষ্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সড়ক, বিজয়নগর, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।


02/12/2012
(গাজীউদ্দিন মোহাম্মদ মুনির)
সিনিয়র সহকারী সচিব

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। যুগ্ম-সচিব(হাসপাতাল ও নার্সিং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।